

जैविक कृषि पुस्तकमाला-II

जैविक प्रशिक्षण पुस्तिका

(QP-AGR/Q1201)



Technical Collaboration with



Manufacturing Technology



Organic Carbon Testing Technology



Bio-Decomposer Manufacturing Technology



Bio Pesticide Manufacturing Technology

Recognized by



Certified AgroInputs



ISO Certified Company



Organic Training of Farmers



DSIR Registered R&D Facility



CIB & RC Registered Bio Pesticides



Registered with Startup India

Pur Patented Products



1) Jaivik Prom



2) Jaivik Poshak



3) Jaivik Subhoomi



4) Dhartika Chowkidar



5) Jaivik Khad



6) Jaivik Kranti



7) Dharti ka Doctor (Soil Testing Kit)



8) Mobile Application (Fertilizer Recommendation with Soil Testing Kit)

বিষয় সূচী

ক্রম	অধ্যায়	পৃষ্ঠা সংখ্যা
I	প্রস্তাবনা	I
II	অভিস্বীকৃতি	II
01	জৈবিক কৃষি (এ.জি.আর. / N 1201)	01 - 05
02	ফসল-চক্র (এ.জি.আর. / N 1201)	06 - 07
03	জৈবিক কৃষির বীজ নির্বাচন এবং বীজ চিকিৎসা (এজিআর / N 1202)	08
04	পোষক তত্ত্বের ব্যবস্থাপনা (এজিআর / N 1203)	09 - 20
05	সেচকার্য ব্যবস্থাপনা (এজিআর / N 1205)	21 - 24
06	আগাছা-নিয়ন্ত্রণ (এজিআর / N 1204)	25 - 26
07	জৈবিক কৃষির অন্তর্গত একত্রিত নানী জীব এবং রোগ ব্যবস্থাপনা (এজিআর / N 1206)	27 - 31
08	ফসল কাটা (এজিআর / N 1207)	32
09	জৈবিক প্রমাণীকরণ এবং গুণবত্তা আশ্বাসন (এজিআর / N 1208)	33 - 37
10	জৈবিক কৃষি – এক পেশা (এজিআর / N 1209)	38 - 40



প্রস্তাবনা



জৈবিক উৎপাদনের জন্য এই পুস্তিকা যোগ্যতা প্যাক (কোয়ালিফিকেশন প্যাক - কিউ.পি. - এ.জি.আর. - কিউ 1201)-য়ের প্রস্তুতির জন্য এক উৎকৃষ্ট মাধ্যম। জৈবিক কৃষিকার্য করতে থাকা কৃষকেরা পূর্ণ রূপে প্রামাণিকতা স্থাপিত করে রাষ্ট্রের উন্নতিতে অংশীদার হয়ে উঠেছেন। বর্তমানে ক্রমবর্ধমান কেমিক্যাল প্রয়োগের কারণে প্রকৃতির অসীম ক্ষমতা ক্রমশঃ কমে আসছে। এই জৈবিক উৎপাদন পুস্তিকা কৃষক ভাইদের অবস্থার উন্নতি করার কাজে নিজের এক অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

জৈবিক কৃষি হচ্ছে সেই সদাবাহার পারম্পরিক কৃষি পদ্ধতি... যা মাটির প্রাকৃতিক স্বরূপ বজায় রাখার ক্ষমতা বৃদ্ধি করে। জৈবিক কৃষি কৃষকদের স্বাবলম্বনের এক অভিনব যোজনা। এর মুখ্য উদ্দেশ্য হচ্ছে কৃষকদের উপার্জনকে দ্বিগুণ করে তুলে জৈবিক কৃষির প্রশিক্ষণ, উৎসাহ প্রদান এবং গোটা দেশের কৃষকদের স্বাবলম্বী করে তোলা। জৈবিক কৃষি পরিবেশীয় সমস্যারও সমাধান বটে!

-ঃ পুস্তিকা সম্বন্ধে :-

জৈবিক কৃষি : জৈবিক কৃষি হচ্ছে কৃষিকার্যের সেই দিশা... যাতে মাটিকে সুস্থ এবং জীবন্ত রেখে কেবলমাত্র জৈবিক অবশেষ, জৈবিক সার এবং জীবাণু ক্রিয়াশীলতার প্রয়োগ দ্বারা প্রকৃতির সাথে সমন্বয় বজায় রেখে উত্তম ফসল উৎপাদন করা।

ফসল চক্র : জমির উর্বরতা বজায় রাখার উদ্দেশ্যে মিশ্রিত কৃষি, কীটদের আকৃষ্ট করা ফসল, রিলে ফসলের মাধ্যমে জমির ভৌতিক, রাসায়নিক অবস্থার সামঞ্জস্য রক্ষা করা।

জৈবিক কৃষির জন্য বীজ নিবাচন এবং বীজ চিকিৎসা : বীজ অ-আনুবাংশিক সংশোধিত আর এক সমান আকারের এবং দেশী আর স্থায়ী-সুস্থ বীজ হওয়া উচিত এবং বীজ চিকিৎসার জন্য বীজামৃত, ট্রাইকোডর্মা, স্যুডোমোনাস ইত্যাদির প্রয়োগ করা উচিত।

পোষক তত্ত্বের ব্যবস্থাপনা : বায়ো-ফাটিলাইজার, পঞ্চগব্য, রাইজোবিয়াম, ট্রাইকোডর্মা, সবুজ সার, এজোলা, কম্পোস্ট সার, ভর্মিকম্পোস্ট ইত্যাদি পোষক তত্ত্বের ব্যবস্থাপনায় সহায়ক হয়।

সেচকার্য ব্যবস্থাপনা : উন্নত সেচকার্য বিধির উপযোগ, যেমন – ফেঁটা-ফেঁটা ফোয়ারার মাধ্যমে জল সেচ করা।

আগাছা নিয়ন্ত্রণ : জুতাই, মপিং এবং যান্ত্রিক উপকরণের মাধ্যমে আগাছা নিয়ন্ত্রণ করা।

এককীকৃত নাশী জীব ব্যবস্থাপনা : ফসলে আসা ব্যাধির মোকাবিলা করার জন্য সঠিক বিধির প্রয়োগ করা।

জৈবিক প্রমাণীকরণ এবং গুণবত্তা আশ্বাসন : এটা জৈবিক খাদ্যের ক্রমবর্ধমান চাহিদায় গুণবত্তা সুনিশ্চিত করতে এবং ষোঁকাবাজী এবং বেইমানী আটকাতে সহায়ক হয়।

জৈবিক কৃষি – এক পেশা : দেশ-বিদেশে ক্রমবর্ধমান জৈবিক উৎপাদনের চাহিদার কারণে জৈবিক কৃষির ভবিষ্যৎ অত্যন্ত উজ্জ্বল।

জৈবিক কৃষির মাধ্যমে প্রাকৃতিক ভাবে সামঞ্জস্য, মাটির স্বাস্থ্য এবং কৃষিকে বিষমুক্ত করে তোলার জন্য পরম শৃঙ্খলিত আচার্য জী এবং পতঞ্জলি বায়ো-রিসার্চ সেন্টারের বৈজ্ঞানিকদের সাথে কৃত-সংকল্পিত!

অভিস্বীকৃতি



পরম পূজনীয় স্বামী রামদেব জী এবং পরম শ্রদ্ধেয় আচার্য বালকৃষ্ণ জী-র পথ প্রদর্শনে পতঞ্জলি বায়ো-রিসার্চ ইন্সটিটিউট (PBRI) ভারত সরকারের প্রধানমন্ত্রী কৌশল বিকাশ যোজনা (PMKVY)-র অন্তর্গত এবং উদ্যমিতা মন্ত্রালয়, ভারত সরকার (Ministry of Skill Development and Entrepreneurship)-র অন্তর্গত কার্যরত রাষ্ট্রীয় কৌশল বিকাশ নিগম (National Skill Development Corporation - NSDC)-র প্রতি কৃতজ্ঞতা প্রকট করছে।

আমরা ভারতীয় কৃষি কৌশল পরিষদ (Agriculture Skill Council of India - ASCI)র প্রতিও কৃতজ্ঞ... যাঁরা জৈবিক উৎপাদকের জন্য এই পুস্তিকার সংকল্পনা এবং বিকাশে নিরন্তর উৎসাহ প্রদান করে এই পুস্তিকাকে আরও বেশী উপযোগী করে তোলার কাজে সহযোগ প্রদান করেছেন।

আমরা পি.বি.আর.আই. টিমের সকল সদস্য... মুখ্য রূপে শ্রী রাজেশ আনন্দ (ভাইস প্রেসিডেন্ট), শ্রী পবন কুমার (জেনারেল ম্যানেজার), ডাঃ অশোক মেহতা (ডায়রেক্টর), ডাঃ রবীন্দ্র বাবু (ডায়রেক্টর), ডাঃ খাশি কুমার বর্মা (জেনারেল ম্যানেজার), শ্রী বিবেক বেনোপুরী (জেনারেল ম্যানেজার), ডাঃ রাম কুমার শুক্লা (জেনারেল ম্যানেজার), ডাঃ সঞ্জয় রানা, ডাঃ করমাকরের প্রতি কৃতজ্ঞ... যাঁরা সঠিক সময়ে এই পুস্তিকা প্রস্তুত করার কাজে সহযোগিতা প্রদান করেছেন।

আমরা সেই সকল ব্যক্তির প্রতিও কৃতজ্ঞ... যাঁরা প্রত্যক্ষ এবং পরোক্ষ রূপে জৈবিক উৎপাদকের এই পুস্তিকা প্রকাশে সহযোগ প্রদান করেছেন।

পতঞ্জলি বায়ো-রিসার্চ ইন্সটিটিউট
হরিন্দ্বার



পতঞ্জলি মাটির চৌকিদার



জৈবিক কৃষি (এজিআর / N1201)



জৈবিক কৃষি হচ্ছে কৃষিকার্যের সেই দিশা... যাতে মাটিকে সুস্থ এবং জীবন্ত রেখে কেবলমাত্র জৈবিক অবশেষ, জৈবিক বা জীবাণু সারের প্রয়োগ দ্বারা প্রকৃতির সাথে সমন্বয় বজায় রেখে উত্তম ফসলের উৎপাদন করা হয়।

বিশ্ব খাদ্য সংগঠনের রিপোর্ট অনুসারে জৈবিক কৃষি হচ্ছে এমন এক অদ্বিতীয় কৃষি-ব্যবস্থা, যেটা কৃষির পরিবেশের স্বাস্থ্য, জৈব বিবিধতা, জৈবিক চক্র এবং মাটির জৈবিক প্রণালীগুলোর সংরক্ষণ এবং পোষণ করে উৎপাদন সুনিশ্চিত করে। এই প্রক্রিয়ায় কোন প্রকারের সংশ্লেষিত এবং রাসায়নিক পদার্থের উপযোগের কোন স্থান নেই।

জৈবিক কৃষি এবং রাসায়নিক কৃষির মধ্যে পার্থক্য :-

বিবরণ	জৈবিক কৃষি	রাসায়নিক কৃষি
উৎপাদনের খরচ	সামগ্রিক রূপে কম	সামগ্রিক রূপে বেশী
সার	রাসায়নিক সারের প্রয়োগ হয় না।	রাসায়নিক সারের প্রয়োগ হয়।
কীটনাশক	রাসায়নিক কীটনাশকের প্রয়োগ একেবারে হয় না।	রাসায়নিক কীটনাশকের প্রয়োগ হয়।
বীজ	কিছুটা দামী... কিন্তু সেটা উৎপাদনের মোট খরচের এক ছোট অংশ হয়।	অপেক্ষাকৃত দামী।
পরিশ্রম	বেশী সংখ্যায় শ্রমিক লাগে।	যান্ত্রিক কৃষি, কম শ্রমিক।
উৎপাদকতা	অপেক্ষাকৃত বেশী বা সময় কাটার সাথে সমান।	সময় কাটার সাথে-সাথে কমে আসে।
কৃষকদের উপার্জন	উৎপাদন খরচ কম হওয়ায় আয় বৃদ্ধি অপেক্ষাকৃত বেশী।	উৎপাদন খরচ বেশী হওয়ায় উপার্জন কম হয়।
গ্রাহকদের জন্য মূল্য	অপেক্ষাকৃত রূপে কিছুটা বেশী।	সস্তা হয় বটে... কিন্তু স্বাস্থ্য-সম্বন্ধীয় সমস্যা দেখা দেয় এবং পরিবেশে অসামঞ্জস্য হওয়ার কারণে জীবনের সামগ্রিক খরচ বৃদ্ধি পায়।

জৈবিক কৃষির সিদ্ধান্ত :-

01. প্রকৃতির উত্তরাধিকার।
02. প্রতিটি জীবের জন্য মাটিই উৎস।
03. আমাদের মাটিকে পোষণ প্রদান করতে হবে... চারাগাছকে নয়, যেটা আমরা অঙ্কুরিত চাই।
04. এনার্জী প্রদান করা খরচ পূর্ণ স্বতন্ত্রতা।
05. পরিস্থিতির পুনরুদ্ধার।

জৈবিক কৃষির গুরুত্ব :-

01. জমির উর্বরা শক্তিতে টেকসই ভাব।
02. প্রদূষণ মুক্ত জৈবিক কৃষি।
03. কম জলের আবশ্যিকতা।
04. পশুদের বেশী গুরুত্ব।
05. ফসল-অবশিষ্ট নষ্ট করায় সমস্যা নেই।
06. ভালো গুণবস্তুর ফসল।
07. কৃষি-মিত্র জীব সুরক্ষিত এবং সংখ্যা বৃদ্ধি।
08. স্বাস্থ্য উন্নতি।
09. কম খরচ।
10. বেশী লাভ।

বীজ চিকিৎসা :-

জৈবিক কৃষিতে নিম্ন প্রকারে বীজ চিকিৎসা করা যেতে পারে :-

- * 50 সেন্টিগ্রাড তাপমাত্রায় 20 - 30 মিনিট পর্যন্ত গরম জল-চিকিৎসা।
- * গোমূত্র অথবা গোময় - উহ পোকাকার টিলা, মাটি-পেস্ট।
- * বীজমূত্র 50 গ্রাম গরুর গোবর + 50 মিলি গোমূত্র + 50 মিলি গরুর দুধ + 02 - 03 গ্রাম চুন, 01 লিটার জলের সাথে মিশিয়ে পুরো রাত রাখা হয়। এটা দিয়ে বীজ চিকিৎসা করা হয়।
- * হিং (Asafoetida) 250 গ্রাম / 10 কিগ্রা বীজের হারে।
- * গোমূত্রে গুঁড়ো হলুদ মিশিয়েও বীজ চিকিৎসার জন্য প্রয়োগ করা যেতে পারে।
- * পঞ্চগব্য সত্।
- * দশপর্ণী সত্।
- * ট্রাইকোডর্মা ভিরীডী (04 গ্রাম / কিগ্রা বীজ) বা স্যুডোমোনাস ফেল্লারেসেস (10 গ্রাম / 01 কিগ্রা বীজ)।
- * জৈব সার (রাইজোবিয়াম / এজোভেক্টর + পি.এস.বি.)।

বিভিন্ন প্রকারের সুরক্ষিত কৃষি-বিধি এবং সেগুলোর বিশেষত্ব :-

সমুচিত কৃষি ক্রিয়া (জি.এ.পি. পদ্ধতি) প্রাথমিক উৎপাদন স্তরে কীটনাশকের অবশিষ্ট, পশু-চিকিৎসা, এ্যাণ্টি-বায়োটিক ঔষধির অবশিষ্ট, খাতু-অবশিষ্ট, অফ্ল্যাটক্সিন-অবশিষ্ট, সূক্ষ্ম জীব বিজ্ঞানী প্রদূষকের মত দূষিত পদার্থগুলোর খাদ্য সিরিজে প্রবেশ করার সম্ভাবনা সমাপ্ত করে সুরক্ষিত কৃষি ফসল এবং ভোক্তার উৎপাদনে সহায়তা প্রদান করে। সঠিক কৃষি-ক্রিয়া, জি.এ.পি.-র অন্তর্গত নিম্নলিখিত বিধিগুলোর পালন করা হয়ে থাকে।

- * মাটির প্রজনন ক্ষমতা এবং বিবিধতা বৃদ্ধি করার জন্য সমুচিত ফসলের ফসল-চক্র গ্রহণ করা।
- * আবরণ / কভার ফসলের রোপণ।
- * টিলেজ কম করা বা সরানো।
- * একত্রিত কীট ব্যবস্থাপনা (আই.পি.এম.) চালু করা।
- * পশুখন এবং ফসলকে একত্রিত করা।
- * কৃষি বিপন্ন প্রথা গ্রহণ করা।
- * জৈবিক কৃষিতে খরচ এবং রাজস্বের গণ্ডী।
- * জৈবিক কৃষিতে জমি প্রস্তুত করা, বীজ বপন, আগাছা-নিয়ন্ত্রণ, ফসলের রোগকে বাধা প্রদান ইত্যাদির নিয়ন্ত্রণ জৈব সার, মিত্র-কীট এবং সূক্ষ্ম জীবাণুদের দ্বারা করা হয়ে থাকে।
- * জৈবিক কৃষিতে উপযোগ করা সকল সামগ্রী সস্তায় এবং সহজে পাওয়া যায়।

* জৈবিক কৃষি দ্বারা প্রাপ্ত লাভের রূপে ক্ষেত্রে বিষাক্ত পদার্থের অবসান হয়, মাটির অবস্থায় উন্নতি আসে। ফলস্বরূপ আমাদের সুস্থ এবং উচ্চ গুণবত্তার ফসল প্রাপ্তি হয়... যার বাজার মূল্যও বেশী হয়।

জৈবিক পদ্ধতি দ্বারা জৈবিক কীট এবং ব্যাধি-নিয়ন্ত্রণ :-

জৈবিক কীট এবং ব্যাধি-নিয়ন্ত্রণ নিম্ন প্রকারের হয় :-

01. গোমূত্র : কাঁচের শিশিতে গোমূত্র ভরে রোদে রেখে দেওয়া হয়। গোমূত্র যত পুরোন হবে... সেটা তত বেশী প্রভাবশালী হবে। 12 - 15 মিমি গোমূত্র / এক লিটার জলের সাথে মিশিয়ে স্প্রে পাম্প দিয়ে ফসল বপনের 15 দিন পরে প্রতি 10 দিন পরে-পরে স্প্রে করলে ফসলে রোগ এবং কীটদের প্রতিরোধী ক্ষমতা বিকশিত হয়... যার ফলে প্রকোপের সম্ভাবনা কম থাকে।

02. নিমের উৎপাদন : নিম ভারতীয় মূলের চারাগাছ হয়, যার সমূলে বেদ্যের রূপে মান্যতা প্রাপ্ত হয়ে রয়েছে। এর দ্বারা মনুষ্যের জন্য উপযোগী ঔষধির নির্মাণ করা হয় এবং এর উৎপাদন ফসল-সংরক্ষণের জন্য অত্যন্ত উপযোগী হয়।

03. নিমপাতার ঘোল : নিমের 10 - 12 কিগ্রা পাতা 200 লিটার জলে 04 দিন পর্যন্ত ভিজিয়ে রাখুন। জল সবুজ-হলুদ হয়ে এলে সেটাকে ছেঁকে 01 একর ফসলের ওপরে ছেঁলে ইল্লী রোগ নিয়ন্ত্রিত হয়। এই ঔষধির তীব্রতা বৃদ্ধি করার জন্য নিলজ্জ, ধূতরো, তামাক ইত্যাদির পাতা মিশিয়ে কাথ তৈরী করলে ঔষধির তীব্রতা বৃদ্ধি পায়। এই ঔষধি বেশ কয়েক প্রকার কীটদের নাশ করতে উপযোগী প্রমাণিত হয়েছে।

04. নিমের নিম্বাবালী : নিমের নিম্বাবালী 02 কিগ্রা নিয়ে মিহি করে পিষে নিন। এতে 02 লিটার তাজা গোমূত্র মিশিয়ে নিন। তাতে 10 কিগ্রা লসিয় মিশিয়ে 04 দিন রেখে দিন আর 200 লিটার জল মিশিয়ে ক্ষেত্রে ফসলের ওপরে ছেঁটান।

05. নিমের খলি : মাটিতে উই পোকা, হোয়াইট গ্রব এবং অন্যান্য কীটদের ইল্লী আর প্যুপা নাশ করতে এবং ভূমি-জনিত রোগ ভিক্ট ইত্যাদি নিয়ন্ত্রণ করার জন্য এর প্রয়োগ করা যেতে পারে। 06 - 08 কুইটাল / একর হারে অন্তিম জুতাই-য়ের সময় মিহি করে খেঁতো করে ক্ষেত্রে মেশান।

06. আইপোমিয়া (নিলজ্জ) পাতার ঘোল : নিলজ্জ / আইপোমিয়া-র 10 - 12 কিগ্রা পাতা, 200 লিটার জলে 04 দিন পর্যন্ত ভিজিয়ে রাখুন। পাতার অর্ক সরে গেলে সেটাকে ছেঁকে 01 একর ফসলের ওপরে ছেঁটান। এর দ্বারা কীটদের নিয়ন্ত্রণ হয়।

07. মঠঠা : মঠঠা, লসিয়, দই ইত্যাদি নামে পরিচিত তত্ত্ব মনুষ্যের জন্য অনেক প্রকারে গুণকারী হয় আর এগুলোর উপযোগী ফসলে কীট-ব্যাধির নিয়ন্ত্রণ করার কাজে লাভদায়ক হয়। লঙ্কা, টম্যাটো ইত্যাদি যেসব ফসলে চুরামুরা বা কুকড়া রোগ হয়... সেগুলো নিয়ন্ত্রণের জন্য একটা কলসীতে লসিয় ঢেলে সেটার মুখ পলিথিন দিয়ে বেঁধে দিন এবং 30 - 45 দিন পর্যন্ত সেই কলসী মাটির নীচে পুঁতে রাখুন। এর পরে সেটা ক্ষেত্রে ছেঁটালে কীট আর রোগের থেকে সুরক্ষা প্রাপ্ত হয়। 100 - 150 মিলি লসিয় 15 লিটার জলে গুলে ছেঁটালে কীট-ব্যাধির নিয়ন্ত্রণ হয়। এই চিকিৎসা সস্তা, সুলভ এবং লাভদায়ক হওয়ায় কৃষকদের মধ্যে প্রচণ্ড জনপ্রিয় হয়ে উঠেছে।

08. লঙ্কা / রসুন : ½ কিগ্রা কাঁচা লঙ্কা আর ½ কিগ্রা রসুন পিষে চট্টনী বানিয়ে নিন আর জলের সাথে গুলে ঘোল বানান। সেটাকে ছেঁকে 100 লিটার জলের সাথে গুলে ফসলের ওপরে ছেঁটান। 100 গ্রাম গুঁড়ো সাবানও মেশান... যাতে ঘোল চারাগাছের সাথে লেগে থাকতে পারে। এটা ছেঁটালে কীটদের নিয়ন্ত্রণ হয়।

09. কাঠের ছাই : 01 কিগ্রা ছাইতে 10 মিলি কেবোবাসিন তেল ঢেলে পাউডার বানিয়ে 25 কিগ্রা / হেক্টর হারে ছেঁটালে এফিডস্ এবং পাম্পকিন বীটল কীটের নিয়ন্ত্রণ হয়।

10. ট্রাইকোডর্মা : ট্রাইকোডর্মা হচ্ছে এমন এক জৈবিক হত্রাক নাশক... যেটা চারগাছে মাটি এবং বীজজনিত রোগকে নিয়ন্ত্রিত করে। বীজ চিকিৎসায় এটা 5 - 6 গ্রাম / প্রতি কিগ্রা বীজ হারে উপযোগ করা হয়ে থাকে। মাটি চিকিৎসায় 01 কিগ্রা ট্রাইকোডর্মা 100 কিগ্রা ভালোমতন পচে যাওয়া সারের সাথে মিশিয়ে অন্তিম বখরনীর সময় প্রয়োগ করুন। কাটিং এবং শেকড় চিকিৎসার জন্য 200 গ্রাম ট্রাইকোডর্মা 15 - 20 লিটার জলের সাথে মেশান এবং এই মিশ্রণে 10 মিনিট পর্যন্ত রোপণ করা চারাগাছের শেকড় আর কাটিং-য়ের চিকিৎসা করুন। 03 গ্রাম ট্রাইকোডর্মা 01 লিটার জলের সাথে ঘোল বানিয়ে 10 - 15 দিন পরে-পরে দাঁড়িয়ে থাকা ফসলের ওপরে 3 - 4 বার ছেঁটালে বায়জজনিত রোগের নিয়ন্ত্রণ হয়।

ইলেক্ট্রিক নিয়ন্ত্রণ :-

01. 01 লিটার দেশী গরুর মঠঠায় 05 কিগ্রা নিম পাতা ঢেলে 10 দিন পর্যন্ত পচতে দিন। পরে নিম পাতা নিংড়ে নিন। এই নিমযুক্ত মিশ্রণকে ছেকে 150 লিটার জলের সাথে ঘোল বানিয়ে প্রতি একর হারে সমান ভাবে ফসলের ওপরে ছেটান। এর দ্বারা ইলেক্ট্রিক আর মাহুর প্রভাব নিয়ন্ত্রণ হয়।
02. 05 লিটার মঠঠায় 01 কিগ্রা নিম পাতা আর ধুতরো পাতা ঢেলে 10 দিন পর্যন্ত পচতে দিন। তারপর মিশ্রণকে ছেকে-ছিটিয়ে ইলেক্ট্রিক নিয়ন্ত্রণ করুন।
03. 05 কিগ্রা নিম পাতা 03 লিটার জলে ফেলে ফেটান। জল অর্ধেক রয়ে গেলে সেটাকে ছেকে 150 লিটার জলের সাথে গুলে ঘোল তৈরী করুন। এই মিশ্রণে 02 লিটার গোমূত্র মেশান। এবার এই মিশ্রণ 01 একর হারে ফসলের ওপরে ছেটান।
04. ½ কিগ্রা কাঁচা লঙ্কা আর রসুন পিষে 150 লিটার জলে ফেলে ছেকে নিন এবং এই মিশ্রণ 01 একর হারে ফসলের ওপরে ছেটান।
05. মারুদানা, তুলসী (শ্যামা) এবং গৌঁদার ফসলের মারো লাগালে ইলেক্ট্রিক নিয়ন্ত্রণ হয়।
06. ক্ষেতে টিনের তৈরী চকরী লাগালেও ইলেক্ট্রিক নিয়ন্ত্রণ হয়।

উখঠা (ডাম্পিং অফ-নিয়ন্ত্রণ) :-

01. 01 লিটার মঠঠায় ছোলার আকারের 03 হিং-য়ের টুকরো মিশিয়ে সেটা দিয়ে ছোলার বীজ চিকিৎসা করে তারপর বপন করুন। সোয়াবীন, কলাই, মুগ আর মসুরের বীজ বেশী ভেজাবেন না।
02. 400 গ্রাম নিম তেলে 100 গ্রাম কাপড় কাচা ডিটারজেন্ট পাউডার মিশিয়ে ভালো করে ফেটান আর তারপর এই মিশ্রণে 150 লিটার জল মিশিয়ে ঘোল বানান। এই ঘোল 01 একরের জন্য পর্যাপ্ত হয়।

মাটির রাসায়নিক কৃষি থেকে জৈবিক কৃষিতে পর্যায়ক্রম পরিবর্তন :-

প্রথম পর্যায়ে রাসায়নিক পদার্থ এবং কীটনাশকের ব্যবহার বন্ধ করে দেওয়া হয় এবং তার জায়গায় জৈব সারের প্রয়োগকে উৎসাহ প্রদান করা হয়। দ্বিতীয় এবং তৃতীয় পর্যায়েও এই ভাবে শেষ করা হয়। জৈবিক কৃষির এই পর্যায়গুলোয় মাটিতে মজুদ বিষাক্ত এবং ক্ষতিকারক পদার্থ নষ্ট করে মাটিকে উন্নত করে তোলা হয়।

জৈবিক কৃষিতে বহু-ফসল :-

ব্যবহৃত ফসল ফোট পোলিয়ো বানানোর জন্য প্রভাবশালী পদ্ধতিতে বহু ফসল প্রকল্প চালু করা। জৈবিক কৃষিতে মাটির স্বাস্থ্য বজায় রাখার জন্য বহু ফসলীয় প্রকল্প প্রভাবশালী পদ্ধতিতে চালু করা হয়, যেমন – ডাল প্রজাতির ফসল থেকে নত্রজনের স্থিতিরীকরণ হয়... যেটা অন্য ফসলকেও লাভ প্রদান করে। ফসল-চক্রে মুখ্য ফসলের সাথে এবং গ্রীষ্ম ঋতুতে সবুজ সারের ফসলে লাগানো যেতে পারে... যার ফলে মাটির ভৌতিক এবং রাসায়নিক গঠন প্রণালীতে উন্নতি আসে।

মরশুম আধারিত ফসল-প্রোগ্রাম :-

জৈবিক কৃষিতে ফসলের ওপরে মরশুমী চাপের কারণে ফসল-মেয়াদে ফসল অনেক প্রকারে প্রভাবিত হতে পারে, যেমন – তীব্র হাওয়া, মুষলধার বৃষ্টি, আকাল ইত্যাদি।

ফসল-চক্রে জন্য উপযুক্ত ফসল নির্বাচন সেই স্থানের জল-বায়ু পরিস্থিতি এবং মাটির প্রকারের ওপরে ভিত্তি করে করা হয়ে থাকে। উদাহরণ স্বরূপ – রাজস্থানের হাডোতী ক্ষেত্রে খরীফ মরশুমে সোয়াবীন / কলাই এবং রবী মরশুমে গম / যব / সর্ষে লাগানো হয়।

বার্ষিক প্রোগ্রাম, জৈবিক কৃষি প্রোগ্রামের প্রস্তুতি, ফসল ক্যালেন্ডারের প্রস্তুতি :-

মরশুম	খরিফ	শীতকাল	রবী	বসন্ত	গ্রীষ্ম ঋতু
মাস	মে-জুন	অক্টোবর-ফেব্রুয়ারী	অক্টোবর-নভেম্বর	ফেব্রুয়ারী-এপ্রিল	এপ্রিল-জুন
ফসল	ধান, বাজরা, সোয়াবীন, কলাই, তুলো, জ্বর, মুগ, সব্জী।	আঁখ।	গম, যব, সরিষে, তিল, রসুন, পেঁয়াজ, ধান, সব্জী, বাঁধাকপি, ফুলকপি, ব্রোকলী, আলু, টম্যাটো, লঙ্কা।	কুকুরবিটসী প্রজাতির সব্জী, আঁখ	গভীর প্রজাতির মাটি সৌরকরণ - মুগ কলাই, সবুজ সার, টেঁচা, সনট।




ফসল-চক্র (এজিআর / N1201)



যে কোন নির্দিষ্ট ক্ষেত্রে নির্দিষ্ট মেয়াদের জন্য মাটির উর্বরতা বজায় রাখার উদ্দেশ্যে ফসল পরিবর্তন করে চাষ করার ক্রিয়াকে ফসল-চক্র বলা হয়। এর উদ্দেশ্য হচ্ছে চারাগাছের ভোজ্য তত্ত্বগুলোর সদুপযোগী করা এবং মাটির ভৌতিক, রাসায়নিক এবং জৈবিক অবস্থার মধ্যে সমন্বয় স্থাপিত করা।

ফসল-চক্রের লাভ :-

- ★ মাটির পি.এইচ. এবং ক্ষারীয়তায় উন্নতি আসে।
- ★ মাটির গঠন প্রণালীতে উন্নতি আসে।
- ★ মৃদাঙ্করণ নিয়ন্ত্রিত হয়।
- ★ ফসলের বিভিন্ন রোগ থেকে সুরক্ষা প্রাপ্ত হয়।
- ★ কীটদের নিয়ন্ত্রণ হয়।
- ★ আগাছা নিয়ন্ত্রিত হয়।
- ★ গোটা বছর উপার্জন প্রাপ্ত হতে থাকে।
- ★ মাটিতে বিষাক্ত পদার্থ একত্রিত হতে পারে না।
- ★ সার-অবশিষ্টের পূর্ণ ব্যবহার হয়ে পড়ে।
- ★ সীমিত সোচ সুবিধার সমুচিত ব্যবহার হয়ে পড়ে।



ডাল-খাদ্যাদ এবং খাদ্যাদ-ডাল ফসল-চক্রে মাটিতে জীবাণুদের সংখ্যা বৃদ্ধি করে। ফসল-চক্রে ডাল জাতীয় ফসলের চাষ করলে নাইট্রোজেন সারের সঞ্চয় হয়... কারণ এর গোড়ায় গাট থাকে, যেটা পরিবেশ থেকে নাইট্রোজেন শুষে নিয়ে ফসলকে প্রদান করে।

মিশ্রিত কৃষি :-

একই ক্ষেত্রে, এক সাথে দুই বা তার থেকে বেশী ফসলের চাষ করাকেই মিশ্রিত কৃষি বলা হয়, যেমন – গম আর কড়াইশুঁটি বা গম আর সরষে বা সরষে আর চীনাবাদাম বা চীনাবাদাম আর সূর্যমুখীর মিশ্রিত কৃষি। এতে এক সারীতে বীজ মিশিয়ে ক্ষেতে ছেটানো হয় বা আলাদা-আলাদা লাইনে বপন করা হয়... কারণ এই সব ফসলের পাকা আর কাটার সময় আলাদা-আলাদা হয়। যখন ফসল উৎপাদনের সাথে-সাথে পশুপালনও করা হয়... তখন সেটাকে মিশ্রিত কৃষি বলা হয় অথবা ফসল উৎপাদনের সাথে-সাথে পশুপালনও উপার্জনের উৎস হলে এমন কৃষিকে মিশ্রিত কৃষি বলা হয়। মিশ্রিত কৃষির অর্থ হচ্ছে একই ক্ষেত্রে এক সাথে অনেক প্রকারের ফসলের চাষ করা।



মিশ্রিত কৃষির লাভ :-

- ★ মিশ্রিত কৃষি দ্বারা গোটা বছর খাদ্য সুরক্ষিত থাকে।
- ★ কম বৃষ্টি, বেশী বৃষ্টি, খরা আর কম জলের অবস্থায় এই কৃষি উপযুক্ত হয়।
- ★ মিশ্রিত কৃষি কৃষককে প্রতি ইউনিট জমি থেকে বেশী উৎপাদন প্রদান করে।
- ★ এটা গ্রহণ করলে বেশী আমদানীর সাথে-সাথে মাটির উর্বরতা শক্তিও বজায় থাকে আর রোগ-ব্যাধির প্রকোপও কমে আসে।
- ★ মরশুমের অস্বাভাবিকতার কারণে কোন ফসল নষ্ট হয়ে পড়লেও দ্বিতীয় বা তৃতীয় ফসল রক্ষা পেতে পারে এবং এই প্রকারে সেই ক্ষেত্রে থেকে লাভ পাওয়া যেতে পারে। এর সাথে-সাথে রোগ-ব্যাধির প্রকোপও কমে আসে।

জাল ফসলের লাভ :-

- * কৃষকদের পরিশ্রম আর কৃষি-খরচ কমে আসে।
- * মুখ্য ফসলে কীট আর রোগের প্রকোপ হয় না।
- * কৃষকদের অতিরিক্ত উপার্জন হয়।
- * মুখ্য ফসলের উৎপাদন বৃদ্ধি পায়।
- * কীটনাশক আর ছত্রাকনাশক ওষুধের খরচ কমে আসে।
- * কৃষকদের ঝুঁকির মাত্রা কমে আসে।
- * মাটির উর্বরা শক্তি বৃদ্ধি পায়।
- * মুখ্য ফসল এবং জাল ফসল দ্বারা কৃষকদের নেট লাভ বৃদ্ধি পায়।
- * এর সাথে-সাথে রোগ-ব্যাধির প্রকোপও কমে আসে।

জাল / ফলদা ফসল :-

জাল ফসল মুখ্য ফসলকে কীট আর রোগের থেকে রক্ষা করে। এটা কীটদের আকর্ষিত করে, যেমন – তুলোর ফসলের সাথে টেঁড়শ বপন করা। এর ফলে কীট টেঁড়শের ফসলের ওপরে আক্রমণ করে। টম্যাটোর ফসলে গোঁদার ফসল কীটদের আকর্ষিত করে ইত্যাদি।

রিলে ক্রপিং :-

এতে পূর্ববর্তী ফসল কাটার আগেই পরবর্তী ফসল বপন করে দেওয়া হয়। উদাহরণ স্বরূপ – ধানের ক্ষেতে ধান পাকার আগেই অলসী বপন করা, আদার ক্ষেতে মেথী বপন করা ইত্যাদি।

রিলে ক্রপিং-য়ের লাভ :-

- * একই সময়ে 03-04 ফসলের চাষ করা যেতে পারে।
- * পরিশ্রম আর কৃষি-খরচ কমে আসে।
- * সার এবং জলের সঞ্চয় হয়।
- * কৃষকদের অতিরিক্ত উপার্জন হয়।
- * এক ফসল দ্বারা অন্য ফসলের পোষক তত্ত্বের পূর্তি হয়।
- * মৃদাঙ্করণ নিয়ন্ত্রিত হয়।
- * সাথে-সাথে রোগ-ব্যাধির প্রকোপও কমে আসে।



জৈবিক কৃষির বীজ নির্বাচন এবং বীজ চিকিৎসা (এজিআর / N1202)

বীজ নির্বাচন :-

- ★ জৈবিক কৃষিতে বেছে নেওয়া সকল বীজ এক সমান আকারের, অ-আনুবাংশিক এবং সংশোধিত হওয়া উচিত এবং সকল প্রকারের সংক্রমণ থেকে মুক্ত হওয়া উচিত।
- ★ বীজ (প্রজাতি) বাছার সময় এটা মাথায় রাখবেন যে, বীজ সেই ক্ষেত্রের জলবায়বের পরিস্থিতি, ক্ষেত্রীয় কীট এবং রোগের জন্য যেন প্রতিরোধক হয়।



জৈবিক বীজ চিকিৎসা :-

- ★ জৈবিক বীজ চিকিৎসা করার জন্য নিম্ন বীজ চাই – বায়ো-উৎপাদন, বায়ো-ফার্টিলাইজার, বায়ো-পেপ্টিসাইডস, যেমন – এজোটোভেন্টস, রাইজোবিয়াম কালচার, স্যুডোমোনাস ইত্যাদি।
- ★ ক্ষেত্রের ফসল-সংরক্ষণের উৎপাদন, যেমন – বীজামৃত ইত্যাদি।



জৈবিক কৃষিতে ফসল বপন এবং প্রতিরোধের বিধি :-

- ★ গ্রীষ্ম খাত্ততে ক্ষেত্রের গভীর জুতাই করা উচিত... যাতে ফসলের রোগের রোগবাহক কীটদের লাভ ইত্যাদি নষ্ট হয়ে যায়।
- ★ ফসল বপন করার সময় প্রতি লাইন আর প্রতিটি চারাগাছের মধ্যের দূরত্ব এক সমান হওয়া উচিত।
- ★ শেকড় যুক্ত ফসল দুটি আলো লাগানো উচিত।
- ★ সার্টিফায়ড জৈবিক বীজ কেনার জন্য বিক্রেতার পরিচিতি নিন।
- ★ বীজ ফার্মে না পাওয়া গেলে অধিকৃত জৈবিক বীজ বিক্রেতার পরিচিতি প্রাপ্ত করে তবেই সার্টিফায়ড বীজ কিনুন।

স্বীকার্য রাসায়নিক বিকল্প, সেগুলোর ক্রয় এবং ব্যবহার :-

- ★ বায়ো-ফার্টিলাইজার, যেমন – ট্রাইকোডর্মা, স্যুডোমোনাস, বীজামৃত, দশামৃত, পঞ্চগব্য ইত্যাদির প্রয়োগ করা হয়।
- ★ স্বীকার্য রাসায়নিক বিকল্প, যেমন – চারাগাছের শেকড় থেকে প্রাপ্ত রসায়ন ইত্যাদি।



জমি তৈরী করা থেকে শুরু করে ফসল কাটা শুরু হওয়া নাসারী আর ফিল্ড প্রক্রিয়ার আয়োজন :-

জৈবিক কৃষিতে জমি তৈরী, নাসারীতে বীজ বপন এবং অন্যান্য কর্মণ-ক্রিয়ার কার্য সঠিক সময়ে করা উচিত।
এটা মাথায় রাখা উচিত যে, ক্ষেত্র তৈরী থেকে শুরু করে ফসল কাটা পর্যন্ত ফসল যেন কোন ভাবে সংক্রমিত না হয়।



পোষক তত্ত্বের ব্যবস্থাপনা (এজিআর / N1203)



জৈবিক কৃষির অন্তর্গত মাটির পোষক তত্ত্বের ব্যবস্থাপনা :-

মাটির উর্বরতা বলতে মাটির সেই ক্ষমতা বোঝায়... যেটা চারাগাছের বৃদ্ধি আর বিকাশের জন্য সকল আবশ্যিক পোষক তত্ত্বগুলোকে সঠিক মাত্রা এবং প্রাপ্য অবস্থায় জোগান দিতে পারে আর তার সাথে-সাথে মাটি যেন সকল প্রকারের দুষ্প্রভাব বা বিষাক্ত প্রভাব থেকে পূর্ণ রূপে মুক্ত থাকে।

মাটির উর্বরতা সাধারণতঃ মাটির ভৌতিক, রাসায়নিক আর জৈবিক গুণগুলোর ওপরে নির্ভর করে।

মাটি পরীক্ষণ :-


সঠিক সারের প্রয়োগের ভিত্তি মাটির পরীক্ষণেই হয়। সারের সঠিক সময়ে সমুচিত মাত্রায় প্রয়োগ করে অধিকতম ফসল পাওয়া যেতে পারে – এটাই হচ্ছে মাটি পরীক্ষণের উদ্দেশ্য।

মাটির নমুনা নেওয়ার সঠিক সময় :-

প্রত্যেক ফসলের বপন / রোপণের আগে শূকনো ক্ষেত থেকে মাটির নমুনা গ্রহণ করা উচিত।


মাটির নমুনা নেওয়ার বিধি :-

* যে ক্ষেত থেকে মাটির নমুনা নিতে হবে... তাতে জিগ-জাগ প্রকারে ঘুরে-ঘুরে 10 - 15 স্থানে নিশান লাগিয়ে নিন... যাতে ক্ষেতের সকল অংশ তার ভেতরে শামিল হয়ে যায়।



* ঘোরানো স্থানগুলোয় ওপরের অংশ থেকে ঘাস-পাতা, আগাছা ইত্যাদি সরিয়ে দিন।

* এই সব স্থানে 15 সেমি. (06") গভীর (V)-র আকারের গর্ত খুঁড়ুন। গর্তগুলো সাফ করে খুরপী দিয়ে ওপর থেকে নীচ পর্যন্ত 02 - 03 সেমি. মাটির পর্ব বার করে নিন এবং পরিষ্কার বালতিতে ঢেলে নিন।



* একত্রিত করা সব মাটি হাত দিয়ে ভালো করে মিশিয়ে নিন এবং পরিষ্কার কাপড়ে রেখে গোলাকার স্তূপ বানিয়ে নিন। এবার আঙুল দিয়ে স্তূপকে চার সমান অংশে ভাগ করে নিন এবং মুখোমুখি দুটি অংশের মাটি আবার একবার ভালো করে মিশিয়ে নিন। প্রায় ½ কিগ্রা মাটি অবশিষ্ট থেকে যাওয়া পর্যন্ত এই প্রক্রিয়ার পুনরাবৃত্তি করে চলুন। এটাই মাটির প্রতিনিধি নমুনা হবে।



* শূকনো মাটির নমুনাকে পরিষ্কার কাপড়ের ব্যাগে পুরে দিন এবং নমুনার সাথে একটা কাগজে সমস্ত তথ্য লিখে কাপড়ের ব্যাগের ভেতরে আর বাইরে বেঁধে দিন।

* প্রস্তুত নমুনা মাটি পরীক্ষা করার জন্য ল্যাবোরেটোরীতে পাঠান। কৃষকেরা নিম্ন তথ্য লেখা কাগজ নমুনার সাথে রাখুন এবং ব্যাগের ওপরে বাঁধুন :- (01)

কৃষকের নাম (02) পিতার নাম (03) গ্রাম / ডেভেলপমেন্ট সেক্টর / তহসীল (04)

ক্ষেতের খসড়া সংখ্যা / পরিচিতি (05) জেলা (06) সিঞ্চিত / অ-সিঞ্চিত (07) আগে চাষ করা ফসল (08)

আগের ফসলে প্রয়োগ করা সারের প্রজাতি এবং মাত্রা (09) মাটি-সম্বন্ধীয় অন্যান্য সমস্যা।

মাটির নমুনা নেওয়ার সময় সতর্কতা :-

* আলের কাছের আর গাছের কাছ থেকে নমুনা নেবেন না।

* যে জায়গায় জল বেশী মাত্রায় জমে থাকে... সেখান থেকে নমুনা নেবেন না।

* শূকনো ক্ষেত থেকে নমুনা নেবেন না।

* যে জায়গায় গোবর বা অন্য সার ঢালা হয়েছে... সেখান থেকে নমুনা নেবেন না।

মাটির ওপরের অংশ সক্রিয় মাইক্রোমিয়াল গতিবিধি বৃদ্ধি করার বিভিন্ন পদ্ধতি :-

- * সবুজ সার আর অতিরিক্ত গোবর সার (এফ.ওয়াই.এম.) দ্বারা কার্বনিক পদার্থে উন্নতি আসবে আর মাটিতে সূক্ষ্ম জীবদের গতিবিধি বৃদ্ধি পাবে।
- * মাটিতে সূক্ষ্ম জীবাণু মেশান, যেমন – পি.এস.বি., পি.এম.বি., জেড.এস.বি., ট্রাইকোডর্মা, স্যুডোমোনাস, এজেটোভেক্টর, রাইজোবিয়াম, মায়কোরাইজা ইত্যাদি।

মাটি-পরীক্ষণের ওপরে ভিত্তি করে জমির উর্বরতা :-

পোষক তত্ত্ব	প্রাপ্ত পোষক তত্ত্বের মাত্রা (কিগ্রা. / হেক্টর)		
	নুন	মধ্যম	অধিক
নাইট্রোজেন	280-র কম	280 - 560	560-র বেশী
ফোস্ফোরাস	10-র কম	10 - 25	25-র বেশী
পটাশ	110-র কম	110 - 280	280-র বেশী
জৈবিক কার্বন	0.5 শতাংশের কম	0.5 - 0.75 শতাংশ	0.75 শতাংশের বেশী

জীবাণু-সারের লাভ :-

- * এই সব জীবাণু ফসলের পোষক তত্ত্বের আবশ্যিকতা পূরণ করে সেগুলোর উৎপাদন আর উৎপাদকতা বৃদ্ধি করে।
- * এই সব সূক্ষ্ম জীবাণু মাটিতে মজুদ ফোস্ফোরাসকে মিশ্রণশীল করে তুলে চারাগাছের জন্য ফোস্ফোরাসের মাত্রা বৃদ্ধি করে।
- * এই সব সূক্ষ্ম জীব কিছুটা মাত্রায় সূক্ষ্ম আবশ্যিক পোষক তত্ত্ব, যেমন – জিংক, তামা, সালফার, আয়রন, বোরোন, কোবাল্ট এবং মৌলিবুডেনম ইত্যাদি চারাগাছকে প্রদান করে।
- * এই সব সূক্ষ্ম জীবাণু কৃষিতে অবশিষ্ট কার্বনিক অবশিষ্টকে পচিয়ে মাটিতে কার্বনিক পদার্থের সঠিক মাত্রা বজায় রাখে।
- * এই সব সূক্ষ্ম জীবাণু পাদপ-বৃদ্ধিকারী হার্মোন্স, প্রোটিন, ভিটামিন এবং এ্যামিনো এ্যাসিডের উৎপাদন করে এবং এই সব সূক্ষ্ম জীবাণু মাটিতে বেড়ে ওঠা রোগ সৃষ্টিকারী ছত্রাকের নাশ করে লাভদায়ক জীবাণুদের সংখ্যা বৃদ্ধি করে।
- * এই সব জীবাণুর প্রয়োগ দ্বারা প্রায় 15 - 30 শতাংশ ফসল উৎপাদন বৃদ্ধি পায় আর উৎপাদনের গুণবত্তা অত্যন্ত ভালো থাকে।
- * এই সব সূক্ষ্ম জীবাণুর প্রয়োগ দ্বারা মাটির জল ধারণ শক্তি এবং উর্বরা শক্তি বৃদ্ধি পায়... যার ফলে ফসল উৎপাদন বৃদ্ধি পায়।
- * এই জীবাণু-সার প্রত্যেক মাশুমে প্রতি ফসল প্রায় 20 থেকে 30 কিগ্রা. নাইট্রোজেন / প্রতি হেক্টর এবং ফস্ফোরাসকে মিশ্রণশীল করে তোলা জীবাণু প্রতি হেক্টর প্রায় 30 থেকে 40 কিগ্রা. ফস্ফোরাস / প্রতি ফসল প্রদান করে।

মাটি-পরীক্ষণ :-

- * মাটি-পরীক্ষণ কেন ?
- * মাটিতে মজুদ পোষক তত্ত্বের ব্যাপারে জানার জন্য মাটি পরীক্ষা করা হয়।
- * মাটিতে মজুদ পোষক তত্ত্ব আর লবণের মাত্রা এবং পি.এইচ. মান জানার জন্য।
- * মাটির ভৌতিক গঠন-প্রণালী জানার জন্য।

- * যে ফসল আমরা বপন করতে চলেছি, তাতে সারের মাত্রা নির্ধারণ করার জন্য।
- * সমস্যাগ্রস্ত জমিতে কোন ভূমি-উন্নতিকারক রসায়ন, যেমন – উর্বর জমির জন্য জিপসম, ফোস্ফেপাজিপসম বা পাইরাইটস্ এবং অম্লীয় জমিতে চুণের আবশ্যিকতা আছে কি না জানার জন্য। আবশ্যিকতা থাকলে কোন ভূমি-উন্নতিকারক কতটা মাত্রায় ঢালা উচিত, জানার জন্য।

মাটি-সংশোধন :-

সফল কৃষি উৎপাদনের জন্য লবণীয়, ক্ষারীয় এবং অম্লীয় মাটির উন্নতি আবশ্যিক হয়।

লবণীয় জমির উন্নতি :-

- * ভূমি সমতলীকরণ করে, আল দিয়ে বা সেচ জল জমিয়ে মিশ্রণশীল লবণের নিষ্কাশন করুন।
- * মাটি-পরীক্ষণের ভিত্তিতে ক্ষারীয় জমিতে জিপসম, সালফার আর কেস্‌সাইটের প্রয়োগ করুন।
- * সবুজ সারের ফসল, যেমন – চোঁচা, সনদ্র আর বরবটীও ক্ষারীয় জমি সংশোধনে উপযোগী প্রমাণিত হয়েছে।

অম্লীয় জমির উন্নতি :-

মাটির পি.এইচ. অনুসারে চুণের মাত্রার প্রয়োগ করুন।

জৈব সার :-

জৈব সার হচ্ছে সেই উৎপাদন... যাতে জীবিত সূক্ষ্ম জীব মজুদ থাকে... যা মাটির উৎপাদকতা বৃদ্ধি করার জন্য নাইট্রোজেন স্থিহরীকরণ (ফিক্সেশন), ফসফরাস মিশ্রণশীলতা (সোলুবিলাইজেশন) বৃদ্ধি, হার্মোগ-উৎপাদন, সেলুলোজ-বিনাশ ইত্যাদি কাজে কৃষিকার্যের উপযোগী হয়।

নাইট্রোজেন জৈব সার :-

- * রাইজোবিয়াম
- * এজেটোভেক্টর
- * এজোস্পিরিলিয়াম
- * নীল-সবুজ শৈবাল
- * এজোলা

রাইজোবিয়াম :-

- * বায়বীয় মাটির ব্যাক্টেরিয়া, ডাটাওয়াল ফসলের শেকড়ের সাথে সহজীবী সম্বন্ধ (সিম্বায়োটিক এ্যাসোসিয়েশন) দ্বারা নাইট্রোজেনকে স্থিহর করে।
- * এটা 20 - 200 কিগ্রা. নাইট্রোজেন / হেক্টর / প্রতি বছর স্থিহর করে।
- * 01 - 02 কিগ্রা. / হেক্টর মাটি চিকিৎসা এবং 20 গ্রাম / কিগ্রা. বীজ চিকিৎসার জন্য।

এজেটোভেক্টর এবং এজোস্পিরিলিয়াম :-

- * এটা হচ্ছে এক স্বতন্ত্র বা মুক্ত রূপে মাটিতে মজুদ জীবিত আর নাইট্রোজেন প্রদানকারী ব্যাক্টেরিয়া।
- * এটা 20 - 40 কিগ্রা. / হেক্টর নাইট্রোজেন স্থিহর করে।
- * শস্য আর বাগানের ফসলের জন্য এর সুপারিশ করা হয়ে থাকে।
- * এর ব্যবহার বীজ চিকিৎসা, চারাগাছ চিকিৎসা বা মাটি চিকিৎসার জন্য করা হয়ে থাকে।

- * বীজ চিকিৎসায় এর 200 গ্রাম / প্রতি 10 কিগ্রা. বীজ, 1.5 - 3.0 কিগ্রা. / হেক্টর, চারাগাছ চিকিৎসায় 04-05 কিগ্রা. / হেক্টর, মাটি চিকিৎসা অনুসারে প্রয়োগ করা যেতে পারে।

নীল-সবুজ শৈবাল :-

- * নীল-সবুজ শৈবাল হচ্ছে এক জৈবিক সার।
- * মুখ্য নীল-সবুজ নোস্ট্রক-এনাবীনা, ওলোসীরা, কোলোথ্রিক্স ইত্যাদি।
- * এটা ধানে 25 - 30 কিগ্রা. / হেক্টর নাইট্রোজেন প্রদান করতে পারে।
- * ধানে 25 কিগ্রা. / হেক্টর হারে এটা ঢালা হয়ে থাকে।



এজোলা :-

- * এজোলা হচ্ছে এক তাজা জলের ফার্ন আর এটা এনাবীনার সহযোগে নাইট্রোজেন স্থির করে।
- * এটা 25 - 40 কিগ্রা. / হেক্টর হারে নাইট্রোজেন স্থির করে।



ফস্ফরাস মিশ্রণশীল জৈব সার (পি.এস.বি.) :-

- * পি.এস.বি. ব্যাক্টেরিয়া এবং কবক দ্বারা প্রস্তুত করা হয়। এটা অ-মিশ্রণশীল ফস্ফেটকে মিশ্রণশীল ফোস্ফেটে পরিবর্তিত করে।
- * পি.এস.বি. ব্যাক্টেরিয়াতে ব্যাসিলস মেগাথারীয়ম ভারী-ফস্ফেটিকম, ব্যাসিলস পোলিময়াক্সা, স্যুডোমোনাস স্ট্রেট ইত্যাদি शामिल থাকে।
- * সকল ফসলের উপযোগের জন্য বীজ চিকিৎসা, চারাগাছ চিকিৎসা বা মাটি চিকিৎসার জন্য এর উপযোগী করার সুপারিশ করা হয়ে থাকে। ফস্ফরাস মোবাইলাইজিং বায়ো-ফাটিলাইজার (পি.এম.বি.)।
- * মায়কোরাইজা, যেমন - ভ্যাম (VAM)!

ফসল-চক্র :-

ফসল-চক্র হচ্ছে কোন নির্দিষ্ট ক্ষেত্রে এক নির্দিষ্ট মেয়াদ পর্যন্ত ফসলকে এমন ভাবে বদল করে বপন করা... যার ফলে মাটির উর্বরা শক্তিকে বজায় রেখে বেশী মাত্রায় ফসল উৎপাদন করা যেতে পারে।
উদাহরণ স্বরূপ - ভুট্টা, গম, মুগ, মসুকা, আলু, মুগ ইত্যাদি।

ফসল-চক্রের সিদ্ধান্ত :-

- * গভীর শেকড় যুক্ত ফসলের পরে হালকা শেকড় যুক্ত ফসল চাষ করা।
- * বেশী সারের আবশ্যিকতা যুক্ত ফসলের পরে কম সারের আবশ্যিকতা যুক্ত ফসলের চাষ করা।
- * বেশী জলের আবশ্যিকতা যুক্ত ফসলের পরে কম জলের আবশ্যিকতা যুক্ত ফসলের চাষ করা।
- * ডাঁটযুক্ত ফসলের পরে ডাঁটবিহীন ফসলের চাষ করা। ফসল-চক্রে একই প্রজাতির ফসলের চাষ করা উচিত নয়।
- * ফসল-চক্রে কৃষি সাধনগুলোর গোটা বছর ধরে ক্ষমতাপূর্ণ উপযোগ।

ফসল-চক্রের লাভ :-

- * মাটির উর্বরা শক্তির বৃদ্ধি।
- * অধিক উৎপাদন।
- * কীটদের ওপরে নিয়ন্ত্রণ।
- * মাটি-গঠন প্রণালীর উন্নতি।



- * পরিবারকে উপার্জন প্রদান।
- * উৎপাদনের সঠিক মূল্য।
- * ন্যূনতম প্রতিযোগিতা।

ফসল-অবশিষ্ট :-

- * অধিকাংশ ফসল-অবশিষ্টের এক বিরাট বড় মাত্রার উৎপাদন করে ভূমি, ডাটা ইত্যাদি।
- * এই সব অবশিষ্টে নাইট্রোজেনের মাত্রা 1.7 - 3.30-য়ের মাঝে থাকে।
- * মাটিতে ফসল-অবশিষ্ট মেশালে মাটির উৎপাদনতা, পোষক তত্ত্বের জোগান আর মাইক্রোবিয়াল গতিবিধিতে উন্নতি হয়।
- * ক্ষেত্রে ফসল-অবশিষ্টের মাত্রা 2.5-5.0 টন / হেক্টর হওয়া উচিত।

সবুজ সার :-

- * ডাল প্রজাতি এবং অন্যান্য ফসলে ফুল আসার সময় ট্র্যাক্টরের সহায়তায় ক্ষেত্রে মিশিয়ে দিলে বা ওষুধ ছোটলে সেগুলো পচা পেরে যে সার তৈরী হয়... তাকেই সবুজ সার বলা হয়।
- * সবুজ সার 50 - 60 দিনে 1.5 - 02 টন / একর শূশ্ক বায়োমাস এবং 35 - 40 কিগ্রা. নাইট্রোজেন প্রদান করতে পারে।
- * সবুজ সার মাটিতে সূক্ষ্ম জীবাণু (মাইক্রোবিয়াল)-দের গতিবিধি তীব্র করে তোলে, আগাছা বৃদ্ধি কম করে এবং চারাগাছের রোগ-প্রতিরোধক ক্ষমতা বৃদ্ধি করে।

সবুজ সারের গুণ :-

- * শীঘ্র বৃদ্ধি করার ক্ষমতা থাকা উচিত... যাতে ন্যূনতম সময়ে কাজ শেষ হতে পারে।
- * বেছে নেওয়া ডাল প্রজাতির ফসলে অধিকতম বাতাসের নাইট্রোজেনের স্থিতিরূপে রাখার ক্ষমতা থাকা উচিত... যাতে মাটি বেশী মাত্রায় নাইট্রোজেন পেতে পারে।
- * ফসলের বৃদ্ধি হলে অতি শীঘ্র যত বেশী মাত্রায় সম্ভব পাতা আর কচি শাখা বার হওয়া উচিত... যাতে প্রতি ইউনিট ক্ষেত্র থেকে অত্যধিক মাত্রায় সবুজ পদার্থ পাওয়া যায় এবং সহজে পচতে পারে।
- * ফসল গভীর শেকড় যুক্ত হওয়া উচিত... যাতে সোটা মাটির গভীরে পৌঁছে যত বেশী মাত্রায় সম্ভব পোষক তত্ত্ব টেনে নিতে পারে। সবুজ সারের ফসল পচলে তাতে মজুদ সমস্ত পোষক তত্ত্ব মাটির ওপরে থেকে যায়... যার উপযোগী পরে বপন করা ফসল দ্বারা করা হয়ে থাকে।
- * ফসলের বানস্পতিক অংশ মোলায়েম হয়ে ওঠা উচিত।
- * ফসলের জল এবং পোষক তত্ত্বের চাহিদা ন্যূনতম হওয়া উচিত।
- * বেছে নেওয়া ফসলের ওপরে রোগ আর কীটের প্রকোপ কম হওয়া উচিত এবং বীজ উৎপাদনের ক্ষমতা বেশী হওয়া উচিত।



সবুজ সারের অন্য অনুকূল ফসল :-

- * ডাল প্রজাতির ফসল, যেমন – ঢেঁটা, পাট, বরবটী, উর্দ, মুগ, গুয়ার, সীম, খেসারী এবং সনস্ট ইত্যাদি।
- * ডাল প্রজাতি ছাড়া অন্যান্য ফসল, যেমন – সিদ্ধি, জ্বার, মক্কা, সূর্যমুখী এবং এজোলা ইত্যাদি।

-ঃ সবুজ সার দ্বারা নাইট্রোজেনের মাত্রা ঃ-

ফসল	চাষের মরশুম	সবুজ পদার্থের গড় উৎপাদন (টন / হে.)	সবুজ অংশের ভিত্তিতে নাইট্রোজেনের শতাংশ	মাত্রিত মেশানো নাইট্রোজেনের মাত্রা (কিগ্রা. / হে.)
ঢেঁচা	খরীফ	14.4	0.42	77.10
সনড়	খরীফ	15.2	0.43	84.0
মুগ	খরীফ	5.7	0.53	38.6
বরবটী	খরীফ	10.8	0.49	56.3
গুৱা	খরীফ	14.4	0.34	62.3
স্যাজী	রবী	20.6	0.51	134.0
খেসারী	রবী	8.8	0.54	60.7

গোবর সার ঃ-

গোবর সার বিভিন্ন পশু, যেমন – গরু, মোষ এবং ছাগল ইত্যাদিদের নিরেট এবং দ্রব্য মল-মূত্র, বিভিন্ন পোষক পদার্থ, যেমন – বিছাবন, ভূসা, পুআল, গাছ-পালার পাতা ইত্যাদি এক সাথে মিশিয়ে তৈরী করা হয়। গোবর সার (এফ.ওয়াই.এম.)-তে প্রায় 5 -6 কিগ্রা. নাইট্রোজেন, 1.2 -2.0 কিগ্রা. ফোস্ফোরাস এবং 5 -6 কিগ্রা. পোটাস / টন থাকে।

গোবর সার তৈরী করা ঃ-

ইন্দোর বিধি ঃ এই বিধি ইন্দোরে এ. হার্ড এবং যশবন্ত ডি. ভাড দ্বারা 1924 থেকে 1931 সালের মধ্যে বিকশিত করা হয়েছিল... এই কারণে একে **ইন্দোর বিধি** বলা হয়।

বিধি ঃ-

01. গর্তের আকার ঃ গর্তের দৈর্ঘ্য 10 ফুট, প্রস্থ 05-07 ফুট এবং গভীরতা 02-03 ফুট রাখা হয়।

02. কম্পোস্ট বানানোর জন্য আবশ্যিক সামগ্রী ঃ

(ক) পশুদের বিছাবন সমেত গোবর।

(খ) পশুদের প্রস্রাব শুষে নেওয়া মাটি।

(গ) চারাগাছ এবং ফসলের অবশিষ্ট, আগাছা, গাছের পাতা, কাঠের ছাই, ধানের চুরী ইত্যাদির মিশ্রণ।

গর্ত ভরার বিধি ঃ প্রথম পর্বে পশুশালা থেকে একত্রিত করা আবর্জনার মোটা অংশ 03" ইঞ্চি পর্যন্ত বানিয়ে নেওয়া হয়। তার ওপরে কাঠের ছাই ছড়িয়ে দেওয়া হয়। তার ওপরে 02" ইঞ্চি মোটা গোবরের পরত বিছিয়ে সোটার ওপরে হাল্কা মাটি ছড়িয়ে দেওয়া হয়। পুরো সামগ্রীকে ভেজানোর জন্য পর্যাপ্ত মাত্রায় জল ঢালা উচিত। এই প্রকার পরতের ওপরে পরত সাজিয়ে গর্ত ভরা হয়। ততক্ষন পর্যন্ত গর্ত ভরার কাজ চালিয়ে যাওয়া উচিত... যতক্ষন না পুরো সামগ্রীর পরত মাটি থেকে 01' ফুট ওপর পর্যন্ত হয়ে পড়ছে। সবার শেষে বিছাবনের সাথে ছাই এবং পশুমূত্রের এক পরত লাগানো উচিত। দিনে 02 বার জল ছোটানো উচিত। এই প্রকারে আবর্জনা আর গোবর প্রচুর মাত্রায় জল শুষে নেয় আর সেগুলো পচতে শুরু করে দেয়। এই বিধিতে 03 মাস পরে ভালো কম্পোস্ট তৈরী হয়ে পড়ে।

নেডেপ কম্পোস্ট ঃ এই বিধি শ্রী নারায়ণ দেবরাও পণ্ডরী পাণ্ডে, জেলা ঃ যবতমালা, মহারাষ্ট্র দ্বারা বিকশিত করা হয়েছিল। এই বিধিতে নিম্ন সামগ্রী কাজে লাগানো হয় ঃ

01. ফার্ম অবশিষ্ট, অপশিষ্ট, কম্পোস্ট বানানোর জন্য আবশ্যিক সামগ্রী তুলো আর অরহরের ডাটা।
02. গাছের পাতা ইত্যাদি প্রায় 1400 - 1500 কিগ্রা.।
03. পশুদের গোবর 90 - 100 কিগ্রা.।
04. জল মরশুম অনুসারে।

এই বিধিতে পশুদের গোবরের প্রয়োগ কম করা হয়।

এই বিধিতে বায়বীয় প্রক্রিয়া দ্বারা কার্বনিক পদার্থের বিঘটন হয় এবং কম্পোস্ট তৈরী হতে 90 - 120 দিন সময় লাগে।

এই বিধিতে প্ৰস্তুত কম্পোস্টে 0.5 - 1.5 শতাংশ নাইট্রোজেন, 0.5 - 1.00 শতাংশ ফস্ফরাস এবং 1.2 - 1.4 শতাংশ পোটাস থাকে।

নেডেপ কম্পোস্ট ট্রাঙ্ক :-

ইট বা পাথর ইত্যাদির জমির ওপরে ট্রাঙ্ক বানানো হয়। ট্রাঙ্কের আকার আয়তাকার হয়... যার ভেতরের দৈর্ঘ্য 10 ফুট, প্রস্থ 06 ফুট এবং উচ্চতা 03 ফুট রাখা হয়। ট্রাঙ্কের প্রাচীর 09" ইঞ্চি মোটা হওয়া উচিত। হাওয়া আসা-যাওয়া করার জন্য ট্রাঙ্কের চার দিকের প্রাচীরে 07" ইঞ্চির ছিদ্র থাকা উচিত। এই প্রকার তৃতীয়, ঘণ্ট এবং নবম অংশে ছিদ্র রাখা হয়। ট্রাঙ্ক ভরার আগে ট্রাঙ্কের ভেতরের আর বাইরের প্রাচীর এবং মেঝে গোবর আর মাটির মিশ্রণ দিয়ে ভালো করে লেপে দেওয়া উচিত।

ট্রাঙ্ক ভরার বিধি :-

ট্রাঙ্ক ভরার আগে ট্রাঙ্কের নীচে এবং প্রাচীরে ঘোল ছেটানো উচিত।

প্রথম পর্ব : প্রথম পরত ফার্মের বানস্পতিক অবশিষ্ট দিয়ে ভরে দেওয়া উচিত।

দ্বিতীয় পর্ব : গোবর বা গোবরের লেঙ্গ (প্রায় 05 কিগ্রা. গোবরকে 100 লিটার জলে গুলে নিন) প্রথম পরতের ওপরে এক সমান ভাবে ছেটানো উচিত।

তৃতীয় পর্ব : এই পর্ব 30 - 40 কিগ্রা. পরিষ্কার, শুকনো, ছেকে নেওয়া মাটি গোবরের পর্বের ওপরে এক সমান ভাবে বিছিয়ে দেওয়া হয় এবং তার ওপরে জল ছিটিয়ে ভিজিয়ে নেওয়া হয়। এই প্রকারের তিন ক্রমে ট্রাঙ্ক পরত বানানো হয়... যতক্ষণ না অবশিষ্টের স্তপ ট্রাঙ্কের প্রাচীরের 1.5 ফুট ওপর পর্যন্ত চলে আসছে। সাধারণতঃ 11 - 12 পরতে ট্রাঙ্ক ভরে যায়।

ট্রাঙ্কের ওপরের অংশকে বাুপড়ির মত আকার প্ৰদান করা হয়।

ট্রাঙ্ক ভরে যাওয়ার পরে ঢেকে দেওয়া হয়। ট্রাঙ্ক যেন ফাটল না ধরে... কারণ ফাটল দিয়ে গ্যাস বেরোতে থাকে। এজন্য তার ওপরে পুনরায় লেপন করা হয়।

এই বিধিতে কম্পোস্ট বানাতে 03 - 04 মাস সময় লাগে। কম্পোস্টে 15 - 20 শতাংশ আর্দ্রতা বজায় রাখার জন্য গোবর আর জলের ঘোল ছেটান... যার ফলে সারে আবশ্যিক পোষক তত্ত্ব সুরক্ষিত থাকতে পারে।

সাধারণতঃ একটা ট্রাঙ্ক থেকে প্রায় 03 টন কম্পোস্ট প্রাপ্ত হয়।

কম্পোস্টের প্রয়োগ বিধি :-

সুপারিশ অনুসারে (সাধারণতঃ ফসলে 10 - 12 টন / হেক্টর এবং সবজীতে 15 - 20 টন / হেক্টর) কম্পোস্টের মাত্রাকে বপনের 03 - 04 সপ্তাহ আগে ক্ষেতে ছিটিয়ে, লাঙল চালিয়ে ভালো করে মিশিয়ে দেওয়া উচিত।

ভর্মী কম্পোস্ট :-

কেঁচোদের দ্বারা অবশিষ্ট, যেমন - গোবর, বনস্পতি এবং ভোজন-অবশিষ্ট ইত্যাদি খেয়ে / হজম করে ছোট-ছোট গুলিতে পরিবর্তন করাকেই কেঁচো সার বা ভর্মী কম্পোস্ট বলে। এর উপযোগে দ্বারা ফসল কীট আর ব্যাধির প্রতি অধিক মাত্রায় প্রতিরোধী হয়ে ওঠে। এছাড়া ভর্মী কম্পোস্টে সূক্ষ্ম তৎভর উপযুক্ত মাত্রায় এবং এঞ্জাইম আর ভিটামিনও পাওয়া যায়।

ভর্মী কম্পোস্টের উৎপাদন বিধি :-

ভর্মী কম্পোস্ট বানানোর জন্য এমন স্থান বেছে নেওয়া হয়... যেটা উঁচু আর ছায়াদার হবে। ছায়া না থাকলে ভর্মী বেডের ওপরে কিছু একটা টাঙিয়ে ছায়া সৃষ্টি করা উচিত... কারণ কেঁচোদের খুব বেশী আলোর আবশ্যিকতা হয় না।



কেঁচোরা অন্ধকারে বেশী ক্রিয়াশীল থাকে। ভূমি কম্পোস্ট বানানোর জন্য বেডের দৈর্ঘ্য 40 - 50 ফুট আর প্রস্থ 03 - 04 ফুট রাখা হয়। যাতে 02 ফুট উচ্চতা পর্যন্ত 10 - 15 দিন পুরোন গোবর ভরা হয় এবং প্রায় 150 কেঁচো ছেড়ে দেওয়া হয়। গোবরের ওপরে 05 - 10 সেমি. পুআল বা শুকনো পাতা ফেলে দিন। এই ইউনিটে সমান ভাবে 20 - 25 দিন পর্যন্ত জল ছেটাতে থাকুন। এতে 40 শতাংশ আর্দ্রতা বজায় রাখার আবশ্যিকতা হয়। 40 - 45 দিন পরে ভূমি কম্পোস্ট তৈরী হয়ে গেলে 02 থেকে 03 দিন পর্যন্ত জল ছেটানো বন্ধ করে দিন। যখন সার ফুটোন চা পাতার মত দেখাবে... তখন বুঝে নেবেন যে, সার তৈরী!



ভূমি কম্পোস্টের লাভ :-

- * কেঁচো সারের প্রয়োগে সেচকার্যে সঞ্চয় হয়।
- * কেঁচো সার মাটির পি.এইচ. মানকে সঠিক করে।
- * ভূমি কম্পোস্ট মাটিতে সূক্ষ্ম জীবাণুদের সক্রিয় করে তুলে চারাগাছকে রোগ প্রতিরোধক ক্ষমতা বৃদ্ধিকারী পোষক তত্ত্ব প্রদান করে... যার ফলে ফসল উৎপাদন বৃদ্ধি পায়।
- * গ্রামীণ এলাকাগুলোয় ভূমি কম্পোস্টের উৎপাদন দ্বারা উপার্জনের সম্ভাবনা সৃষ্টি হবে।



বেড থেকে সার বার করা :-

প্রস্তুত সারকে পিটের এক দিকে একত্রিত করে নিন এবং অন্য দিকে আবার নতুন গোবর ভরে দিন। এমনটা করলে প্রস্তুত ভূমি কম্পোস্টের সকল কেঁচো নতুন গোবরে চলে যাবে। সারকে পিট থেকে বার করে ছায়ায় স্তপাকৃত করে রাখুন আর হালকা শুকিয়ে আসার পরে 02 মিমি. চওড়া ছিদ্রযুক্ত ছাঁকনী দিয়ে ছেকে নিন। ছাঁকা সার বস্তায় পুরে রেখে দিন। এই তৈরী সারে 20 - 25 শতাংশ আর্দ্রতা থাকা উচিত। সারকে এমন জায়গায় স্টোর করে রাখুন... যেখানে সার শুকিয়ে যাবে না।

সতর্কতা :-

- * গর্তে কাঠ, চীড়ের পাতার প্রয়োগ করবেন না।
- * গর্তে প্লাস্টার করবেন না।
- * কেঁচোদের পিঁপড়ের হাত থেকে রক্ষা করার জন্য সময়ে-সময়ে গর্তের চার পাশে জৈব কীটনাশকের প্রয়োগ করুন।
- * কেঁচোদের সঠিক প্রজাতি বেছে নেওয়া উচিত।
- * গর্তকে সর্বদা সূর্যের আলোর থেকে দূরে রাখা উচিত। এজন্য গর্তের ওপরে ঘাস-পাতার চাল বানিয়ে ছায়ার ব্যবস্থা করা উচিত।



ভূমি কম্পোস্টের পোষক :-

দেশের বিভিন্ন ল্যাবোরেটরীতে করা পরীক্ষণ অনুসারে ভূমি কম্পোস্টে 1.25 থেকে 2.5 শতাংশ নাইট্রোজেন, 1.6 - 1.8 শতাংশ ফোসফোরাস এবং 1.0 - 1.5 শতাংশ পোটাস থাকে। ভূমি কম্পোস্টের পি.এইচ.মান হচ্ছে 07 - 7.8 এবং এতে কার্বন নাইট্রোজেনের অনুপাত 12.1 থাকে। ভূমি কম্পোস্টে উপরোক্ত তত্ত্বগুলো মিশ্রণশীল অবস্থায় থাকে।

ভূমি ওয়াশ :-

ভূমি ওয়াশ হচ্ছে এমন এক তরল পদার্থ... যেটা কেঁচোদের দ্বারা স্রাবিত হার্মেস আর মল-মূত্র থেকে তৈরী হয়। এটা পোষক তত্ত্ব এবং এঞ্জাইম যুক্ত হয়... যাতে রোগ প্রতিরোধক গুণ পাওয়া যায়। এর প্রয়োগে উৎপাদন 25 শতাংশ বৃদ্ধি পায়। ভূমি ওয়াশের প্রকৃতি গোমূত্রের মত তীব্র হয়... সুতরাং কম পক্ষে 20 লিটার জলে 01 লিটার ভূমি ওয়াশ মিশিয়ে সেটা ছেটান।



ভর্মীওয়াশ বানানোর বিধি :-

যে ভাবে কেঁচাদের মল (বিপ্ঠা) সারের রূপে উপযোগী হয়... ঠিক সেই প্রকার তাদের মূত্রও তরল সারের রূপে অত্যন্ত প্রভাবশালী হয়। কেঁচাদের মূত্র একত্রিত করার এক বিশেষ পদ্ধতি থাকে... যাকে ভর্মীওয়াশ বলা হয়। ভর্মীওয়াশ বানানোর জন্য 40 লিটারের প্লাস্টিকের বালতি বা ক্যান নিয়ে সেটাকে নিম্ন প্রকারে ভরা হয়। বালতির নীচে একটা ছোট ছিদ্র করা হয়... যেটা দ্বারা ভর্মীওয়াশ একত্রিত করা হয়।

01. ইঁটের ছোট-ছোট টুকরো বা ছোট-ছোট পাথর 05" ইঞ্চি পর্যন্ত।

02. মোটা বালি - 02" ইঞ্চির পর্ব।

03. মাটি - 03" ইঞ্চির পর্ব।

04. পুরোন সার / গোবর - 09" - 12" ইঞ্চির পর্ব।

05. ঘাসের আবরণ - 01" - 1.5" ইঞ্চির পর্ব।

এই প্রকার বালতিকে ভরে তাতে প্রায় 200 থেকে 300 কেঁচা ছেড়ে দেওয়া হয়। ভর্মীওয়াশের বালতি ছায়া জায়গায় রাখা হয়। প্রতি দিন হাঙ্কা-হাঙ্কা জল ছোটানো উচিত। 30 দিন পর্যন্ত বালতির নীচের ছিদ্র অসহ্যীয় রূপে বন্ধ করে রাখা হয়। 30 দিন পরে সেই ছিদ্র খুলে সেটার নীচে এক পাত্র রাখা হয়... যাতে ভর্মীওয়াশ একত্রিত হয়। ভর্মীওয়াশের বালতিতে 04 - 04 ঘন্টা পরে-পরে দিনের মধ্যে প্রায় 04 থেকে 05 বার হাঙ্কা-হাঙ্কা জল ছোটানো উচিত। বালতির ছিদ্রের নীচের পাত্রে ফোঁটা-ফোঁটা জল একত্রিত হতে থাকবে।

কেঁচা-সারের প্রয়োগের মাত্রা :-

কেঁচা-সারের মাত্রা প্রতি ফসলে আলাদা-আলাদা হয়... যেটার বিবরণ নিম্নলিখিত :-

ফসল	কেঁচা-সারের মাত্রা / প্রতি একর
ধান্য ফসল	02 টন
ডাল	02 টন
তেল প্রজাতির ফসল	03 - 05 টন
মশলা প্রজাতির ফসল	04 টন; 02 - 10 কিগ্রা. / চারাগাছ
শাক জাতীয় ফসল	04 - 06 টন
ফলদার বৃক্ষ	02 - 03 কিগ্রা. / বৃক্ষ
নগদ ফসল	05 টন
শোভাকারী ফসল	04 টন
প্লাস্টেশন ফসল	05 কিগ্রা. / চারাগাছ

(উৎস : রাখা ডি. কালে, 2003)

প্রাকৃতিক কৃষি :-

প্রাকৃতিক কৃষিতে আমরা প্রাকৃতিক পদ্ধতিতে পুস্তত স্প্রে আর সারের ব্যবহার করি। এগুলো গরুর গোবর আর শেকড়-বাকড়ের মত কার্বনিক আবর্জনার ব্যবহার করে পুস্তত করা হয়। এগুলোয় এক বিশেষ প্রকারের গুণ থাকে... যেগুলো এতে একত্রিত বা সংগৃহীত জীবনী-শক্তির শোষণ করে। এই জীবনী-শক্তি পৃথিবী, বায়ু, অগ্নি এবং ব্রহ্মাণ্ড থেকে পাওয়া যায়।

জীবামৃত (এক একর ক্ষেতের জন্য) :-

আবশ্যিক সামগ্রী :-

01. 10 কিগ্রা. দেশী গরুর গোবর।
02. 05 থেকে 10 লিটার গোমূত্র।
03. 02 কিগ্রা. গুড় বা ফলের শাঁসের চাটনী।
04. 02 কিগ্রা. বেসন (ছোলা, কলাই, মুগ)।
05. 200 লিটার জল।
06. 50 গ্রাম মাটি।

তৈরী করার বিধি :-

সর্বপ্রথমে কোন প্লাস্টিকের টাঙ্ক বা সিমেন্টের টাঙ্ক নিন আর তাতে 200 লিটার জল ঢালুন। জলে 10 কিগ্রা. গরুর গোবর এবং 05 থেকে 10 লিটার গোমূত্র আর 02 কিগ্রা. গুড় বা ফলের শাঁসের চাটনী মেশান। এর পরে 02 কিগ্রা. বেসন, 50 গ্রাম আলের মাটি বা জঙ্গলের মাটি মেশান আর সব কিছু লাঠি দিয়ে ভালো করে মিশিয়ে নিন। এর পরে প্লাস্টিকের টাঙ্ক বা সিমেন্টের টাঙ্কের মুখ জালিদার কাপড় দিয়ে বন্ধ করে দিন। 48 ঘটায় 04 বার লাঠি দিয়ে নাড়তে থাকুন আর এটা 48 ঘটায় তৈরী হয়ে যাবে।

প্রয়োগের মেয়াদ :-

এই জীবামৃতের প্রয়োগ কেবলমাত্র 07 দিন পর্যন্ত করা যেতে পারে।

সতর্কতা :-

- * প্লাস্টিক আর সিমেন্টের টাঙ্ক সর্বদা ছায়ায় রাখুন... যেখানে রোদ পড়বে না।
- * গোমূত্র ধাতুর পাত্রে রাখবেন না।
- * কেবলমাত্র ছায়ায় রাখা গোবরই প্রয়োগ করুন।

পঞ্চগব্য (এক একর ক্ষেতের জন্য) :-

পঞ্চগব্যের অর্থ হচ্ছে পঞ্চ + গব্য (গরুর থেকে প্রাপ্ত 05 পদার্থের মিশ্রণ) অর্থাৎ গোমূত্র, গোবর, দুধ, দুই এবং ঘি-য়ের মিশ্রণ থেকে প্রস্তুত পদার্থকেই পঞ্চগব্য বলা হয়। প্রাচীন সময়ে এর ব্যবহার ক্ষেতের উর্বরা শক্তি বৃদ্ধি করার সাথে-সাথে ফসলের রোগ-প্রতিরোধক ক্ষমতা বৃদ্ধি করার জন্য করা হত।

পঞ্চগব্য বানানোর বিধি :-

প্রথম দিন 2.5 কিগ্রা. গোবর আর 1.5 লিটার গোমূত্রে 250 গ্রাম দেশী ঘি ভালো করে মিশিয়ে মটকায় পুরে রাখুন আর ভালো করে ঢাকনা বন্ধ করে দিন। পরের 03 দিন পর্যন্ত প্রতি দিন হাত দিয়ে নাড়াতে থাকুন। চতুর্থ দিন সব সামগ্রী পরস্পরের সাথে মিশিয়ে মটকায় পুরে দিন আর ঢাকনা বন্ধ করে দিন। পরের দিন সেটাকে লাঠি দিয়ে নাড়ানোর প্রক্রিয়া শুরু করুন আর 07 দিন পর্যন্ত প্রতি দিন এই ভাবে নাড়াতে থাকুন। এর পরে যখন সেটার খমীর তৈরী হয়ে পড়বে আর সুগন্ধ আসবে... তখন এটা বুঝে নিন যে, পঞ্চগব্য তৈরী হয়ে গেছে। এর বিপরীত, যদি টকপূর্ণ দুগন্ধ আসে... তাহলে নাড়ানোর প্রক্রিয়া আরও 01 সপ্তাহ বাড়িয়ে দিন। এই ভাবে পঞ্চগব্য প্রস্তুত করা হয়। এই প্রকারে 10 লিটার জলে 250 গ্রাম পঞ্চগব্য মিশিয়ে যে কোন সময়ে যে কোন ফসলে প্রয়োগ করা যেতে পারে। এটাকে আপনারা রোগ প্রতিরোধক আর কীটনাশকের রূপে এবং বৃদ্ধিকারক উৎপ্রেতের রূপেও ব্যবহার করতে পারেন। এটা এক বার বানিয়ে 06 মাস পর্যন্ত ব্যবহার করা যেতে পারে। এটা বানানোর খরচ 70 টাকা/লিটার পড়ে।

উপযোগ করার বিধি :-

01. পঞ্চগব্যের উপযোগ শস্য আর ডাল (ধান, গম, মগুবা, রাজমা ইত্যাদি) এবং সব্জী (ক্যাপসিকাম, টম্যাটো, কপি শৈথীর এবং মূলযুক্ত) ফসলে করা হয়।
02. ছেটানোর সময় ক্ষেতে পর্যাপ্ত আর্দ্রতা থাকা আবশ্যিক হয়।
03. বীজ চিকিৎসা থেকে শুরু করে ফসল কাটার 25 দিন আগে পর্যন্ত 25 থেকে 30 দিনের মধ্যে এর প্রয়োগ করা যেতে পারে।
04. প্রতি বিঘা 05 লিটার পঞ্চগব্য 200 লিটার জলে গুলে চারাগাছের কাণ্ডের কাছে ছিটতে হবে।

বীজ চিকিৎসা :-

01. 01 লিটার পঞ্চগব্যের মিশ্রণে 500 গ্রাম ভর্মী কম্পোষ্ট মিশিয়ে বীজের ওপরে ছেটান আর সেটার হাল্কা পর্ব বীজের ওপরে চড়ান এবং 30 মিনিট পর্যন্ত ছায়ায় রেখে শুকিয়ে বপন করুন।

চারাগাছের জন্য :-

01. নাসারী থেকে চারাগাছ বার করে মিশ্রণে ভিজান আর রোপণ করুন।
02. চারাগাছ রোপণ বা বপনের পরে 15-25 দিন পরে-পরে লাগাতার 03 বার ছেটান।

সতর্কতা :-

01. পঞ্চগব্যের প্রয়োগ করার সময় ক্ষেতে আর্দ্রতা থাকা আবশ্যিক হয়।
02. এক ক্ষেতের জল অন্য ক্ষেতে যাওয়া উচিত নয়।
03. সকাল 10 টার আগে এবং বিকেলে 03 টের পরে এটা ছেটানো উচিত।
04. পঞ্চগব্য মিশ্রণকে সর্বদা ছায়াদার আর ঠাণ্ডা জায়গায় রাখা উচিত।
05. এটা বানানোর 06 মাস পর পর্যন্ত এর প্রয়োগ বেশী প্রভাবশালী থাকে।
06. টিন, স্টীল আর তামার পাত্রে এই মিশ্রণ রাখা উচিত নয়। এর সাথে রাসায়নিক কীটনাশক আর সারের ব্যবহার করা উচিত নয়।

ঘন জীবামৃত (এক একর ক্ষেতের জন্য) :-

আবশ্যিক সামগ্রী :-

01. 100 কিগ্রা. গরুর গোবর।
02. 01 কিগ্রা. গুড় বা ফলের শাঁসের চাটনী।
03. 02 কিগ্রা. বেসন (ছোলা, কলাই, অরহর, মুগ)।
04. 50 গ্রাম আল বা জঙ্গলের মাটি।
05. 01 লিটার গোমূত্র।

বানানোর বিধি :-

সর্বপ্রথমে কোন পাকা মেঝে আর পোলিথিনের ওপরে 100 কিগ্রা. গরুর গোবর ছড়িয়ে দিন। তারপর 01 কিগ্রা. গুড় বা ফলের শাঁসের চাটনী এবং 01 কিগ্রা. বেসন মেশান। এর পরে 50 গ্রাম আল বা জঙ্গলের মাটি মেশান আর 01 লিটার গোমূত্র ঢেলে সব সামগ্রী কোদাল দিয়ে ভালো করে মেশান এবং 48 ঘন্টা কোন ছায়াদার স্থানে একত্রিত করে পাটের বস্তা দিয়ে ঢেকে দিন। 48 ঘন্টা পরে সেটাকে ছায়ায় শুকিয়ে, চূর্ণ বানিয়ে স্টোর করে রাখুন।

প্রয়োগের মেয়াদ :-

এর প্রয়োগ 06 মাস পর্যন্ত করতে পারেন।

সতর্কতা :-

01. 07 দিন ছায়ায় রাখা গোবরের প্রয়োগ করুন।
02. গোমূত্র ধাতুর পাত্রে রাখবেন না।

ছেটানো :-

এক বার ক্ষেত জুতাই-য়ের পরে ঘন জীবামৃত ছিটিয়ে ক্ষেত প্রস্তুত করণ।

আবশ্যিক সামগ্রী : ঘন জীবামৃত :-

গোমূত্র	1.5 লিটার (দেশী গরু)
গোবর	2.5 কিগ্রা.
দই	01 কিগ্রা.
দুধ	01 লিটার
দেশী ঘি	520 গ্রাম
গুড়	500 গ্রাম
ভিনেগার	01 লিটার
কলা	06 নগ
কাঁচা নারকেল	02 নগ
জল	10 লিটার
প্লাস্টিকের পাত্র / মটকা	01 নগ

মটকা সার :-

মটকা সার বানানোর বিধি :-

দেশী গরুর 10 লিটার গোমূত্র, 10 কিগ্রা. তাজা গোবর, ½ কিগ্রা. গুড়, ½ কিগ্রা. ছোলার বেসন – সব কিছুকে এক সাথে মিশিয়ে 01 বড় মটকায় ভরে 05 - 07 দিন পর্যন্ত পচান। এর ফলে ভালো জীবাণু কালচার তৈরী হয়। মটকা সারকে 200 লিটার জলের সাথে গুলে যে কোন ফসলে ভেজা বা আর্দ্রতামুক্ত জমিতে ফসলের মাঝে ভালোমতন / একর হারে ছেটান। প্রতি 15 দিন পরে-পরে এই ক্রিয়ার পুনরাবৃত্তি করণ। এই প্রকারে ফসলও ভালো গুণবত্তার হবে, ফসলের মাত্রাও বৃদ্ধি পাবে, জমির মান উন্নত হয়ে উঠবে আর কোন প্রকারের সারের আবশ্যিকতা হবে না। এই প্রকারে কৃষকেরা আত্মনির্ভর হয়ে উঠে বাজার মুক্ত কৃষিকার্য করতে পারবেন এবং বিষমুক্ত, রসায়ন মুক্ত, সুস্বাদু আর পৌষ্টিক ফসল উৎপাদন করতে পারবেন।

এই মটকা সার সেচকার্যের জলের সাথে সরাসরি জমিতে অথবা টপক / ড্রিপ সেচকার্য (01 মটকা / একর) হারেও দেওয়া যেতে পারে।

মটকা সারকে 400 লিটার জলের সাথে ভালো করে গুলে এই মিশ্রণকে চারাগাছের কাছের জমিতে দিলে ভালো পরিণাম পাওয়া যায়।

এই মিশ্রণকে সূতী কাপড়ে ছেঁকে ফসলের ওপরে ছেটালে অধিক মাত্রায় ফুল আর ফল হয়।



সেচ ব্যবস্থাপনা (এজিআর / N1205)



সেচকার্য :

চারাগাছের বৃদ্ধির জন্য মাটিতে আবশ্যিক আর্দ্রতা বজায় রাখতে নিয়মিত অন্তরালে কৃত্রিম রূপে জল দেওয়ার প্রক্রিয়াকে সেচকার্য বলা হয়।

সেচকার্যের উদ্দেশ্য :

- * চারাগাছের বৃদ্ধির জন্য মাটিতে আবশ্যিক আর্দ্রতার পূর্তি করা।
- * ফসলকে অল্পমোয়াদী খরার থেকে রক্ষা করা।
- * ফসলকে শিশিরের হাত থেকে বাঁচাতে।
- * ওপরের পর্বকে নরম করে সেটাকে কর্ষণ ক্রিয়ার অনুকূল বানানোর জন্য।
- * মাটিতে মজুদ লবণের নিষ্কাশন করতে।



সেচকার্য বেফের জন্য ফসলের ক্রান্তিক / মুখ্য অবস্থা :-

ক্রম	ফসল	ক্রান্তিক অবস্থা
01.	গম	শীর্ষ শেকড় বার হওয়া, কলি ফোটা, গাট অবস্থা, বালি নির্মাণ, দানায় দুধ আসা এবং দানা পাকার সময়
02.	যব	বপনের 30 দিন পরে, দানা ভরার সময়
03.	ছোলা, সর্ষে, অলসী	ফুল আসার আগে ডাঁটা তৈরীর সময়
04.	আলু	অঙ্কুরগের সময়, মূল তৈরীর প্রারম্ভিক সময়
05.	আঁখ	অঙ্কুরগ, কলি বেরোবার সময়, বাড়বার সময়
06.	তুলো	ডোডাযুক্ত শাখা তৈরী হওয়ার সময়, ফুল আসার সময়, ডোডা তৈরী হওয়ার সময়
07.	তামাক	চুটাই-য়ের সময়
08.	চীনাবাদাম	হুঁচ তৈরী হওয়া থেকে চীনাবাদাম তৈরী হওয়া পর্যন্ত
09.	ধান	কলি বার হওয়ার সময়, ফুল আসার আগে আর ফুল আসার সময়
10.	মস্কা	নর মঞ্জুরী আসার সময়, ভুটা হওয়ার সময়

ফসলে সেচকার্য কত বার আর কতটা মাত্রায় করবেন :

